



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/২৪

তারিখঃ ২৬ ভাদ ১৪২৫ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি


বিষয়ঃ কমিশন প্রতিষ্ঠার ২৫ (পঁচিশ) বছর পূর্তি উপলক্ষে আয়োজিত প্রেস কনফারেন্স।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ১৯৯৩ সনের ৮ জুন সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার সন অনুযায়ী এ বছর কমিশনের রজতজয়ন্তী। এ উপলক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আগামী ১২ সেপ্টেম্বর থেকে সপ্তাহব্যাপী রজতজয়ন্তী উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে বিএসইসির রজতজয়ন্তী অনুষ্ঠানে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব আবুল মাল আবদুল মুহিত, মাননীয় অর্থমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের হল অব ফেইমে উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। কমিশন প্রতিষ্ঠার রজতজয়ন্তীর এ মহতি ক্ষণে আশা করা যাচ্ছে আমন্ত্রিত জাতীয় সংসদের স্পীকার, মন্ত্রীবর্গ, সংসদ সদস্যগণ, সিনিয়র সচিবগণ, সচিবগণ, উর্ধ্বতন সরকারী কর্মকর্তাগণ, বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান, বিভিন্ন সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ভিসি ও অন্যান্য শিক্ষকবৃন্দ, পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিদল, স্টক এক্সচেঞ্জ, সিডিবিএলসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল অংশীজন, তালিকাভুক্ত কোম্পানীর প্রতিনিধিবর্গসহ কমিশনের সকল স্তরের কর্মচারী ও তাঁদের Spouse সহ, আমন্ত্রিত অন্যান্য সুধীবৃন্দ উপস্থিত থাকবেন।

১৯৯৩ সনে প্রতিষ্ঠার পর ধীরে ধীরে হলেও কমিশন আজ একটি শক্ত ভিত্তির উপর দাঁড়িয়েছে। প্রথম শ্রেণীর নিয়ন্ত্রণ সংস্থা হিসেবে (IOSCO 'A' Category Regulator) বিএসইসি আজ পুঁজিবাজারে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে রেগুলেশন ও সুশাসন নিশ্চিত করেছে।

সপ্তাহব্যাপী অনুষ্ঠানের মধ্যে উদ্বোধনী অনুষ্ঠানসহ, সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা সভা ও স্মৃতিচারণ, বিএসইসি পরিবারের পুনর্মিলনী, কর্পোরেট গভর্নেন্স বিষয়ক সেমিনার এবং অংশজন ডিএসই, সিএসই ও সিডিবিএল ঢাকা ও চট্টগ্রামে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছে। বিস্তারিত অনুষ্ঠানসূচি এ প্রেস বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হলো।


মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর রজতজয়ন্তী উদযাপন উপলক্ষে
আয়োজিত সঞ্জাহব্যাপী অনুষ্ঠানসূচীসমূহ :-

উদ্বোধনী অনুষ্ঠান

তারিখ : বুধবার, ১২ সেপ্টেম্বর, ২০১৮

স্থান : বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (হল অব ফেইম)

প্রধান অতিথি : শেখ হাসিনা, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ।

সময়: সকাল ১০:০০

সেমিনার

তারিখ : বৃহস্পতিবার, ১৩ সেপ্টেম্বর, ২০১৮

স্থান : চট্টগ্রাম ক্লাব লিমিটেড

প্রধান অতিথি : জনাব সাইফুজ্জামান চৌধুরী, মাননীয় প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সময় : সকাল ১০:৩০

আলোচনা সভা ও স্মৃতিচারণ

তারিখ : শনিবার, ১৫ সেপ্টেম্বর, ২০১৮

স্থান : গ্রান্ড বল রুম, লা মেরিডিয়ান হোটেল ।

প্রধান অতিথি : ড. এম. খায়রুল হোসেন, চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সময় : বিকাল ০৫:১৫

বিএসইসি পরিবারের পুনর্মিলনী

তারিখ : রবিবার, ১৬ সেপ্টেম্বর, ২০১৮

স্থান : মাল্টিপারপাস হল, সিকিউরিটিজ কমিশন ভবন, বিএসইসি ।

প্রধান অতিথি : ইঞ্জিনিয়ার মোশারফ হোসেন, মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী
বাংলাদেশ সরকার

সময় : দুপুর ০৩:৩০

কর্পোরেট গভর্নেন্স বিষয়ক সেমিনার

তারিখ : সোমবার, ১৭ সেপ্টেম্বর, ২০১৮

স্থান : বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (হারমনি ও কার্নিভাল)

প্রধান অতিথি : জনাব এম এ মান্নান, মাননীয় প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী
বাংলাদেশ সরকার

সময়: সকাল ১০:৩০